# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং-৩৭.০৬.০০০০.১০১.১১.২৭১/২০১২-/ ২৭২৮ তারিখ: ২৭ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ জুলাই, ২০২৬ খ্রি:

**বিষয়: বিজ্ঞপ্তি প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, পত্রের সাথে সংযুক্ত আইন উপদেষ্টা ও প্যানেল এডভোকেট নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ১২/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ৯.৫"×৭" সাইজে ভেতরের পাতায় হুবহু একবার মাত্র প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রকাশিত বিজ্ঞপ্তিসহ ০৩ (তিন) কপি বিল দাখিল করলে তা বোর্ডের নিয়মানুযায়ী পরিশোধের ব্যবস্থা নেয়া হবে।

১১/৭/২০২৬
প্রফেসর শাহ মুহাম্মদ ফিরোজ আল ফেরদৌস
সচিব, এনসিটিবি
ফোন: ২২৩৩-৮৫৬৪৪

বিজ্ঞাপন ম্যানেজার:
১. দৈনিক নয়া দিগন্ত
২. দৈনিক আমাদের সময়
৩. দৈনিক আমাদের বার্তা
৪. The Daily Express

স্মারক নং-৩৭.০৬.০০০০.১০১.১১.২৭১/২০১২-/ ২৭২৮ তারিখ: ২৭ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ জুলাই, ২০২৬ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সদস্য (অর্থ), এনসিটিবি
২. উপসচিব (প্রশাসন/কমন), এনসিটিবি
৩. প্রধান সম্পাদক, এনসিটিবি
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, এনসিটিবি
৫. জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), এনসিটিবি
৬. সহকারী মেইন্টেনেন্স ইঞ্জি. ও প্রোগ্রামার অতিরিক্ত দায়িত্ব), এনসিটিবি (এনসিটিবি'র ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. লাইব্রেরিয়ান, এনসিটিবি (উপরের বর্ণিত পত্রিকার কাটিং বিতরণ শাখায় সরবরাহের অনুরোধসহ)
৮. পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
৯. পি এ টু সচিব, এনসিটিবি
১০. সংরক্ষণ নথি।

১১/৭/২০২৬
সিরাজুল ইসলাম
উপসচিব (প্রশাসন)
ফোন: ২২৩৩৮২৫৮৬

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

পত্র নং-৩৭.০৬.০০০০.১০১.১১.২৭১/২০১২ / ২৭০ তারিখ: ২১/০৭/২০২৬ খ্রি.

### আইন উপদেষ্টা ও প্যানেল এ্যাডভোকেট নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বিভিন্ন আইনগত বিষয়ে পরামর্শ/মতামত প্রদানসহ প্রয়োজনবোধে বোর্ডের পক্ষে বিভিন্ন আদালতে মামলা পরিচালনার লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে ০২ (দুই) বৎসরের জন্য খন্ডকালীন একজন আইন উপদেষ্টা এবং একজন প্যানেল এ্যাডভোকেট নিয়োগের জন্য নিম্নে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| | | | |
|---|---|---|---|
| ক. | আইন উপদেষ্টা পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: | : | শিক্ষাগত যোগ্যতা: প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম এল.এল.বি (স্নাতক) এবং এল. এল.এম (স্নাতকোত্তর)/ বার-এ্যাট-ল ডিগ্রিধারী হতে হবে এবং বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদ থাকতে হবে। |
| | | | অভিজ্ঞতা: দেওয়ানি ও ফৌজদারি মামলাসহ আরবিট্রেশন ও প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন সম্পর্কিত মামলা পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী। তন্মধ্যে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে অবসরপ্রাপ্ত জেলা জজ/ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে সাত বছরের অভিজ্ঞতা এবং অ্যাপিলেট ডিভিশনে মামলা করার পার্মিশন থাকতে হবে। |
| খ. | প্যানেল এ্যাডভোকেট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: | : | শিক্ষাগত যোগ্যতা: প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম এল.এল.বি (স্নাতক) এবং এল. এল.এম (স্নাতকোত্তর)/ বার-এ্যাট-ল ডিগ্রিধারী হতে হবে এবং বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদ থাকতে হবে। |
| | | | অভিজ্ঞতা: প্যানেল এ্যাডভোকেট পদের ক্ষেত্রে: দেওয়ানি ও ফৌজদারি মামলাসহ আরবিট্রেশন ও প্রশাসনিক ট্রাইব্যুনাল আইন সম্পর্কিত মামলা পরিচালনায় ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবী। তন্মধ্যে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে অবসরপ্রাপ্ত জেলা জজ/ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে মামলা পরিচালনায় অভিজ্ঞ আইনজীবীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| গ. | ফি/সম্মানী | : | আলোচনা সাপেক্ষে |
| ঘ. | আবেদনপত্রের সাথে যেসব কাগজপত্র দাখিল করতে হবে | : | ১) সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বরাবর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র (নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বর্তমান বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বার কাউন্সিল কর্তৃক জজ কোর্ট ও হাইকোর্টে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির তারিখ, যোগাযোগের জন্য ফোন/ মোবাইল নম্বর ও ইমেইল আইডি উল্লেখপূর্বক);<br>২) সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি<br>৩) বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;<br>৪) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি; |
| ঙ. | আবেদনের সময়সীমা | : | ৩০ জুলাই-২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০টার মধ্যে সরাসরি/ডাক/কুরিয়ারযোগে সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে বিবেচিত হবে। |
| চ. | আবেদন ফি | : | চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বরাবর যে কোন তফশিলি ব্যাংক হতে ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রেরণ করতে হবে। |
| ছ. | অন্যান্য শর্তাবলী | : | ক) বোর্ডের আইন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মতামত প্রদান, চুক্তিপত্র পরীক্ষা-নিরীক্ষাসহ ভেটিং এবং প্রয়োজনবোধে বোর্ডের পক্ষে বিভিন্ন আদালতে (বাংলাদেশের যেকোনো জেলায়) মামলা পরিচালনা করতে হবে।<br>খ) বোর্ড কর্তৃক নির্ধারিত সময় পর চুক্তির মেয়াদ নবায়ন করা যাবে।<br>গ) আইন উপদেষ্টা এবং প্যানেল এ্যাডভোকেট হিসেবে অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ হলে বোর্ড যে কোন সময় চুক্তি বাতিল করতে পারবে।<br>ঘ) বোর্ডের অধীনে আইন উপদেষ্টা এবং প্যানেল এ্যাডভোকেট থাকাকালে তিনি অন্য কোন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা এবং প্যানেল এ্যাডভোকেট হিসেবে দায়িত্বপালন করতে পারবেন না।<br>ঙ) বোর্ডের মামলাসমূহের সার্বিক বিষয়ে পর্যালোচনার জন্য সপ্তাহে ০১ (এক) দিন অফিসে উপস্থিত থাকতে হবে।<br>চ) কর্তৃপক্ষ যে কোনো সময় নিয়োগ বাতিল, স্থগিত বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে। |

২১/৭/২০২৬

প্রফেসর শাহ মুহাম্মদ ফিরোজ আল ফেরদৌস
সচিব, এনসিটিবি
ফোন: +৮৮-২২৩৩-৮৫৬৪৪
ই-মেইল: secretary@nctb.gov.bd